

## সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সরকারের ভিশন-২০২১ বাস্তবায়নের অংশ হিসেবে 'আশুগঞ্জ-ভুলতা ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প' এর অধীনে নবনির্মিত আশুগঞ্জ-ভুলতা ৪০০ কেভি বিদ্যুৎ সঞ্চালন লাইন আগামী ০২/০৫/২০১৮খ্রিঃ, বুধবার, সকাল ৮:০০ ঘটিকা হতে বাণিজ্যিকভাবে চালু করা হবে। প্রায় ৭২ কিঃমিঃ দীর্ঘ এ সঞ্চালন লাইনটি নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলায় নবনির্মিত ভুলতা ৪০০/২৩০ কেভি গ্রীড উপকেন্দ্র হতে আড়াইহাজার উপজেলা এবং ব্রাহ্মণবাড়িয়া জেলার বাঞ্চরামপুর, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া সদর ও আশুগঞ্জ উপজেলা হয়ে আশুগঞ্জ পাওয়ার স্টেশনে সংযুক্ত হয়েছে।

সকলকে বর্ণিত সঞ্চালন লাইনের টাওয়ারসমূহ ও লাইনের কন্ডাক্টর (তার) হতে নিরাপদ দুরত্বে থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

এই সতর্কীকরণ বিজ্ঞপ্তি প্রকাশের পর কেউ উল্লেখিত সঞ্চালন লাইন ও টাওয়ারের সংস্পর্শে এসে কোনরকম দুর্ঘটনার শিকার হলে "পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ" দায়ী থাকবে না।

মোঃ এনামুল হক

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

আশুগঞ্জ-ভুলতা ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প